

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২৮.০০.০০০০.০২৮.৩৪.০২৪.১২.১৯—দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের শিক্ষার্থীগণ একাডেমিক সিলেবাসের অংশ হিসেবে ও ভূতত্ত্ব গবেষণার গবেষণা এবং ভূতাত্ত্বিক ইতিহাস সংরক্ষণের লক্ষ্যে সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং-এ ডাউকি নদীর পাড়ে অবস্থিত বাংলাদেশের Eocene যুগের একমাত্র উন্মুক্ত লাইমস্টোন, কপিলি শেইল-এর স্তরসমূহ এবং বোল্ডার বেডসহ নিম্নে তফসিলে বর্ণিত টিলাসমূহকে (মোট: ২২.৫৯ একর) ভূতাত্ত্বিক ঐতিহ্য (Geological Heritage) হিসেবে প্রাথমিকভাবে ঘোষণা করা হ'ল।

অবস্থান

সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার প্রায় ১০ কি.মি. উত্তর দিকে পিয়াং নদীর অববাহিকায় বাংলাদেশ-ভারত সীমান্তে অবস্থিত। প্রস্তাবিত সংরক্ষিত এলাকার অক্ষাংশ ২৫ ১০' ৩৪" থেকে ২৫ ১০' ৫৫" এবং দ্রাঘিমাংশ ৯২ ০১' ০৪" থেকে ৯২ ০১' ৪২"।

(৯৬৩)

মূল্য : টাকা ৪.০০

তফসিল

জেলা-সিলেট, উপজেলা-গোয়াইনঘাট, জে. এল নং-১০৪, মৌজা-চৈলাখেল ৩য় খণ্ড

ক্রমিক নং	খতিয়ান নং	দাগ নং	মোট জমির পরিমাণ (একরে)	প্রস্তাবিত জমির পরিমাণ (একরে)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১	১২	৫১	১০.৫০	৩.৪১
২	১৩	৫২	৬.৭৫	৪.০০
৩	৪৫	৫৪	২.২৮	২.২৮
৪	১৯	৫৫	১৯.৪৭	১১.০০
৫	২৮	৫৬	৮.২৫	১.৩০
৬	২৫	৬০	২০.১৫	০.৬০

মোট = ২২.৫৯ একর

২। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের অনুকূলে জমির মালিকানা হস্তান্তরিত হওয়ার পর চূড়ান্ত প্রজ্ঞাপন প্রকাশ করা হবে।

আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার
অতিরিক্ত সচিব।